



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY



সম্মানিত শিক্ষকমণ্ডলী, প্রিয় সহকর্মীবৃন্দ, সুহৃদ সমন্বয়কারী, টিউটর, সুপ্রিয় শিক্ষার্থী ও সম্মানিত অভিভাবকবৃন্দ

আপনারা আমার সালাম ও শুভেচ্ছা জানবেন।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়সমূহের চ্যান্সেলর মোঃ আবদুল হামিদ কর্তৃক নিয়োগপ্রাপ্ত হয়ে ৩০ জুন ২০২১ তারিখে আমি বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়-এর উপাচার্য পদে যোগদান করেছি। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার অভিপ্রায়ে উক্ত পদে আমাকে নিয়োগ প্রদান করায় আমি মহামান্য রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা, মাননীয় শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি-র প্রতি গভীর কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

দেশের একমাত্র উন্মুক্ত ও দূরশিক্ষণ বিশ্ববিদ্যালয়ে যুক্ত হয়ে আমি দেশসেবার অনন্য সুযোগ পাওয়ায় মহান আল্লাহর নিকট শুকরিয়া প্রকাশ করছি। সমগ্র বিশ্ব আজ কোভিড-১৯ মহামারীর ভয়ংকর ছোবলে বিপর্যস্ত। আমাদের প্রিয় মাতৃভূমিও এতে প্রবলভাবে আক্রান্ত। সকল শিক্ষাঙ্গনে সরাসরি পাঠদান থমকে রয়েছে। অনলাইন প্রযুক্তিবান্ধব শিক্ষায় এখন আমরা পথ চলছি। এমনি এক কঠিন সময়ে আপনাদের পাশে দাঁড়িয়ে শিক্ষাসেবার চ্যালেঞ্জ গ্রহণ করে দেশকে এগিয়ে নিয়ে যাবার প্রত্যয় ব্যক্ত করছি।

প্রিয় শিক্ষার্থীদের শিক্ষাজীবন যাতে আর বিঘ্নিত না হয় সেজন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ সকলের সক্রিয় সহযোগিতায় প্রতিটি শিক্ষা প্রোগ্রামের ভর্তি, পাঠদান, পরীক্ষা গ্রহণ, ফল প্রকাশ পূর্ণ প্রযুক্তিনির্ভর করতে চাই। বিপুল সংখ্যক শিক্ষার্থী সমন্বিত প্রোগ্রামগুলো শিক্ষা মন্ত্রণালয়ের সমমানের শিক্ষা প্রোগ্রামের সাথে সামঞ্জস্য রেখে ব্যবস্থা নেওয়ার বিষয়ে সংশ্লিষ্টদের সাথে আলোচনার মাধ্যমে এগিয়ে নিতে চাই। আমি এজন্য সত্ত্বরই করণীয় সকল কার্যকর পদক্ষেপ নেব। এই সংকটকালীন সময়ে আমাদের প্রিয় শিক্ষার্থীদের পাশে থাকার জন্য উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিবারের সকলকে নিজ নিজ দায়িত্ব প্রযুক্তি সমন্বয়ের মাধ্যমে পালনের অনুরোধ রাখছি। একই সঙ্গে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য সরকারি নির্দেশনার দিকে খেয়াল রেখে নিজের, পরিবারের, সমাজের, শিক্ষার্থীদের মঙ্গলে যত্নবান থাকতে অনুরোধ করছি। শিক্ষা গ্রহণে বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল প্রযুক্তি সুবিধা সবসময় উন্মুক্ত রয়েছে। প্রয়োজনে নতুন নতুন উদ্ভাবনে নমনীয় শিক্ষাদানের মাধ্যমে, শিক্ষার্থীর আরও কাছাকাছি পৌঁছে যাব আমরা। সরকারের উন্নত বাংলাদেশের স্বপ্ন ২০৪১ সালে বাস্তবায়ন এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'সোনার বাংলা' গড়ার দৃঢ় প্রত্যয় হোক মুজিব শতবর্ষ ও স্বাধীনতার সূবর্ণজয়ন্তীতে আমাদের অঙ্গীকার।

পরিশেষে পবিত্র ঈদুল আজহা'র ত্যাগের মহিমায় সকলকে উদ্ভাসিত হবার অনুরোধ জানাচ্ছি।
ঈদ মুবারক।

হুমায়ুন আহতার

অধ্যাপক সৈয়দ হুমায়ুন আখতার
উপাচার্য